



বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি)
রহমান'স রেগনাম সেন্টার (৮ম ও ৯ম তলা)
১৯১/১, তেজগাঁও-গুলশান লিংক রোড, ঢাকা-১২০৮
ফোন : ৮৮ ০২ ২২৬৬০৩৩১৫-১৬, ফ্যাক্স : ৮৮ ০২ ২২৬৬০৩৩২২
ওয়েব সাইট : www.bsccl.com.bd



তারিখঃ ১২ অক্টোবর, ২০২৩খ্রি.

‘প্রেস রিলিজ’

বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি)-এর
৫১% নগদ লভ্যাংশ ঘোষণা।

ঢাকা, ১২ অক্টোবর, ২০২৩খ্রি.: বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি)-এর ১৫তম বার্ষিক সাধারণ সভা ১২ অক্টোবর, ২০২৩খ্রি. (বৃহস্পতিবার) সকাল ১১:০০ ঘটিকায় ভার্সুয়াল প্লাটফর্মের মাধ্যমে অনুষ্ঠিত হয়। সভায় ২০২২-২০২৩ অর্থ বছরের নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন, পরিচালনা পর্ষদের প্রতিবেদন ও কোম্পানির শেয়ারহোল্ডারদের জন্য ঘোষিত ৫১% নগদ লভ্যাংশ ঘোষিত ও অনুমোদিত হয়।

উক্ত সভায় সভাপতিত্ব করেন ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় সচিব ও কোম্পানির চেয়ারম্যান জনাব আবু হেনা মোরশেদ জামান, কোম্পানির পরিচালক জনাব মোঃ আবদুল মোমিন, জনাব মোহাম্মদ গোলম সরওয়ার ই কায়নাৎ, ড. নাছিমা আকতার, অধ্যাপক ড. মোঃ মোস্তাফা আকবর, কর্নেল ইকরাম আহমেদ ভূঁইয়া, এএফডব্লিউসি, পিএসসি (জুম অ্যাপের মাধ্যমে), কোম্পানির অডিট কমিটির চেয়ারম্যান এবং স্বতন্ত্র পরিচালক জনাব সৈয়দ মামনুন কাদের, কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক, জনাব মোঃ আজম আলী, কোম্পানি সচিব, জনাব মোঃ আব্দুস সালাম খান, এফসিএস সহ কোম্পানির সংশ্লিষ্ট কর্মকর্তাগণ, কোম্পানির অডিটরগণ, ইন্ডিপিন্ডেন্ট ফ্রটিনাইজার (জুম অ্যাপের মাধ্যমে) ও উল্লেখযোগ্য সংখ্যক শেয়ারহোল্ডার ভার্সুয়াল প্লাটফর্মের মাধ্যমে সভায় উপস্থিত ছিলেন। সভায় শেয়ারহোল্ডারগণ বিএসসিপিএলসি-এর পরিচালনা পর্ষদ এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে কোম্পানির সার্বিক সাফল্য ও উন্নতিতে উল্লেখযোগ্য অবদান রাখার জন্য ধন্যবাদ জানান। সভায় শেয়ারহোল্ডারগণ কোম্পানির রাজস্ব আয়, লভ্যাংশের পরিমাণ ও ব্যাল্ডউইথের ব্যবহার গত বছর হতে উল্লেখযোগ্য পরিমাণ বৃদ্ধি পাওয়ায় সন্তোষ প্রকাশ করেন।

এখানে উল্লেখ্য যে, ২০২১-২০২২ অর্থ বছরে কোম্পানির মোট ব্যাল্ডউইথ লিজের পরিমাণ ছিল ২০৬৮.৮৮ জিবিপিএস যার বিপরীতে ২০২২-২০২৩ অর্থ বছরে কোম্পানির ব্যাল্ডউইথ লিজের পরিমাণ দাঁড়িয়েছে প্রায় ২৫৫৬.০০ জিবিপিএস। বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসি (বিএসসিপিএলসি) গত ২০২২-২০২৩ অর্থ বছরে ২৭৯.০৩ কোটি টাকা নীট মুনাফা অর্জন করেছে এবং ৩০শে জুন ২০২৩ তারিখে কোম্পানির শেয়ার হোল্ডার্স ইকুইটি ১৪০২.৫৫ কোটি টাকায় উন্নীত হয়েছে।

(মোঃ আজম আলী)

ব্যবস্থাপনা পরিচালক, বিএসসিপিএলসি।

প্রতি

বার্তা সম্পাদক/চীফ রিপোর্টার

.....
.....
.....